

১১ আগস্ট থেকে নতুন সময়সূচিতে এইচএসসি ও সমমানের পরীক্ষা

অনলাইন ডেস্ক

০১ আগস্ট,
২০২৪ ১১:২৩

শেয়ার

অ +

অ -



কোটা সংস্কার আন্দোলন ঘিরে শিক্ষার্থীদের নিরাপত্তার কথা বিবেচনা করে এখন পর্যন্ত চলমান এইচএসসি ও সমমানের ৮টি পরীক্ষা স্থগিত করা হয়েছে। সর্বশেষ আজ ৪ আগস্টের পরীক্ষা স্থগিত করা হয়েছে। আগামী ১১ আগস্ট থেকে নতুন সময়সূচিতে এসব পরীক্ষা নেওয়া হবে।

আজ বৃহস্পতিবার (১ আগস্ট) ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক তপন কুমার সরকার গণমাধ্যমকে এসব তথ্য নিশ্চিত করেন।

তিনি বলেন, আপাতত ১১ আগস্ট থেকে ঘোষিত রুটিনের পরীক্ষা নেওয়া হবে। স্থগিত হওয়া পরীক্ষাগুলোর বিষয়ে দ্রুত সময়ে সিদ্ধান্ত নেওয়া হবে।

এ পর্যন্ত তিন দফায় ৮ দিনের পরীক্ষা স্থগিত করেছে শিক্ষা বোর্ডগুলো। সর্বশেষ দেওয়া বিজ্ঞপ্তিতে আগামী ৪ আগস্টের পরীক্ষা স্থগিত করা হয়েছে।

ফলে উদ্ভূত পরিস্থিতিতে ১১ আগস্ট থেকে নতুন সময়সূচিতে এইচএসসি ও সমমানের পরীক্ষা নেওয়া হবে। এর আগপর্যন্ত সব পরীক্ষা স্থগিত করা হয়েছে।

এর আগে চলমান পরিস্থিতিতে গত ১৮ জুলাইয়ের এইচএসসি পরীক্ষা স্থগিত করা হয়। এরপর পরিস্থিতি আরো খারাপ হওয়ায় ২১, ২৩ ও ২৫ জুলাইয়ের সব পরীক্ষা স্থগিত করা হয়।

তৃতীয় দফায় ২৮ জুলাই থেকে ১ আগস্ট পর্যন্ত যত পরীক্ষা ছিল, তা স্থগিত করে আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটি।